



ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে রিক্রুটমেন্ট ফেয়ার

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ইউআইইউ) এবং প্রথম আলোর অনলাইন জব পোর্টাল চাকরি ডটকম-এর যৌথ উদ্যোগে দু'দিনব্যাপী ন্যাশনাল রিক্রুটমেন্ট ফেয়ার-এর উদ্বোধনী অনুষ্ঠান আজ সকাল ১১টায় ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হয়। ইউআইইউর ভাইস চ্যান্সেলর (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. চৌধুরী মোফিজুর রহমান উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রথম আলো ডিজিটালের চিফ অপারেটিং অফিসার এহতেরাম উদ্দিন। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রথম আলো ডিজিটালের অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার স্তিভ এভুনি জ্যাকব ও ইউআইইউ ক্যারিয়ার কাউন্সেলিং সেন্টারের পরিচালক মঞ্জুরুল হক খান মেলায় ব্র্যাক, বাংলা লিংক, আইডিএলসি, আইপিডিসি, বসুন্ধরা গ্রুপ, ইউনাইটেড গ্রুপসহ ৪৪টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। এই মেলায় মাধ্যমে শিক্ষার্থীরা বিভিন্ন প্রতিষ্ঠান সম্পর্কে স্বচ্ছ ধারণা নিতে পারবে এবং তারা তাদের পছন্দমতো প্রতিষ্ঠানে সিডি ড্রপ করতে পারবেন। আলোচকরা ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির এই সমন্বয়যোগী কার্যক্রমকে স্বাগত জানান এবং তারা আশাবাদ ব্যক্ত করেন, এই ন্যাশনাল রিক্রুটমেন্ট ফেয়ার শিক্ষার্থীদের প্রতিযোগিতামূলক বাজারে চাকরির চাহিদা পূরণে অনেকখানি সহায়ক ভূমিকা পালন করবে।